বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
ইস্যুয়ার কোম্পানি অ্যাফেয়ার্স ডিভিশন
কর্পোরেট গভর্ন্যান্স ডিপার্টমেন্ট
www.sec.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

সূত্র নং- বিএসইসি/আইসিএ/সিজি/২০২৩/৬৬/পার্ট-১/৩০

তারিখঃ ১৫ জানুয়ারি ২০২৬ খ্রিঃ

# আদেশ

যেহেতু, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর মাধ্যমে সিকিউরিটিতে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষংগিক বিধান প্রণয়নের উদ্দেশ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (অতপর 'কমিশন' বলে বিবেচিত হবে) গঠন করা হয়;

যেহেতু, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ অর্ডিন্যান্স, ১৯৬৯ (১৯৬৯ সনের XVII নং অর্ডিন্যান্স) এর ধারা 2A অনুযায়ী বেক্সিমকো গ্রুপের আওতাধীন বাংলাদেশ এক্সপোর্ট ইমপোর্ট কোম্পানি লিঃ, বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিঃ ও শাইনপুকুর সিরামিকস লিঃ ইস্যুয়ার কোম্পানি হিসাবে বিবেচিত এবং ধারা 9 অনুযায়ী উক্ত কোম্পানীসমূহের শেয়ার ও সিকিউরিটিজ স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত;

যেহেতু, স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানি হিসাবে বাংলাদেশ এক্সপোর্ট ইমপোর্ট কোম্পানি লিঃ, বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিঃ ও শাইনপুকুর সিরামিকস লিঃ কর্তৃক বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষনের নিমিত্ত মাসিক, ত্রৈমাসিক, বার্ষিক, ইত্যাদি প্রতিবেদন কমিশন ও স্টক এক্সচেঞ্জসমূহে নিয়মিতভাবে দাখিল করা এবং বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের আইনগত বাধ্যবাধকতা রয়েছে;

যেহেতু, বাংলাদেশ এক্সপোর্ট ইমপোর্ট কোম্পানি লিঃ, বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিঃ ও শাইনপুকুর সিরামিকস লিঃ ত্রৈমাসিক হিসাব বিবরণী, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণীসহ সিকিউরিটিজ আইন মোতাবেক অনান্য বিবরণী দাখিল করা ও বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান করতে ব্যর্থ হয়েছে;

যেহেতু, বাংলাদেশ এক্সপোর্ট ইমপোর্ট কোম্পানি লিঃ, বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিঃ ও শাইনপুকুর সিরামিকস লিঃ কর্তৃক ত্রৈমাসিক হিসাব বিবরণী ও বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী দাখিল, লভ্যাংশ ঘোষণা, বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান, কৌশলগত সিদ্ধান্ত গ্রহণ, ঝুঁকি ব্যবস্থাপনা, আইনগত বাধ্যবাধকতা, ইত্যাদি কারণে আবশ্যিকভাবে পরিচালনা পর্ষদের সভা অনুষ্ঠানের বিধান থাকলেও তা পরিপালনে উক্ত কোম্পানিসমূহ ক্রমাগতভাবে ব্যর্থ হয়েছে;

যেহেতু, গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক গঠিত "বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্কের শিল্প প্রতিষ্ঠানসমূহের শ্রম ও ব্যবসায় পরিস্থিতি পর্যালোচনা সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি" এর গত ১১.১২.২০২৪ তারিখের সভায় সার্বিক পরিস্থিতি বিবেচনায় বেক্সিমকো গ্রুপের পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানিসমূহে স্বতন্ত্র পরিচালক বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন নিয়োগ প্রদান করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়;

যেহেতু, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের গত ২৯.১২.২০২৪ তারিখের পত্রের মাধ্যমে উপর্যুক্ত উপদেষ্টা পরিষদ কমিটির ১১.১২.২০২৪ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী বেক্সিমকো গ্রুপের পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানিসমূহে স্বতন্ত্র পরিচালক নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনকে নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১৬ অনুযায়ী এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার কমিশনকে কোন নীতিগত বিষয়ে বিশেষ সময় সময় নির্দেশ প্রদান করতে পারবে এবং কমিশন তা পালন করতে বাধ্য থাকবে;

যেহেতু, বাংলাদেশ এক্সপোর্ট ইমপোর্ট কোম্পানি লিঃ, বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিঃ ও শাইনপুকুর সিরামিকস লিঃ এর সুশাসন প্রতিষ্ঠা এবং সিকিউরিটিজ আইন পরিপালন নিশ্চিতকরণের লক্ষ্যে কমিশনের ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখের আদেশ সূত্র নং- বিএসইসি/আইসিএ/সিজি/২০২৩/৬৬/পার্ট-১/৪৯৬ এর মাধ্যমে উক্ত কম্পানিসমূহে স্বতন্ত্র পরিচালক নিয়োগ প্রদান করা হয়;

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
ইস্যুয়ার কোম্পানি অ্যাফেয়ার্স ডিভিশন
কর্পোরেট গভর্ন্যান্স ডিপার্টমেন্ট
www.sec.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

যেহেতু, বর্ণিত কোম্পানিসমূহে স্বতন্ত্র পরিচালকগণের নিয়োগ আদেশের উপর মহামান্য হাইকোর্ট বিভাগের ১৩ জানুয়ারি ২০২৫ ও ১৫ জানুয়ারি ২০২৫ তারিখে প্রদত্ত স্থগিতাদেশ এর উপর বিগত ০৪ মার্চ ২০২৫ তারিখে মহামান্য আপীল বিভাগ কর্তৃক স্থগিতাদেশ প্রদান করায় স্বতন্ত্র পরিচালক নিয়োগের উক্ত আদেশ কার্যকর ও বলবৎ আছে;

যেহেতু, উপরোক্ত ব্যর্থতার ক্ষেত্রসমূহসহ অন্যান্য আইনানুগ বিষয়াদি ও নীতি সিদ্ধান্ত গ্রহনের ক্ষেত্রে পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের আবশ্যকতা রয়েছে বিধায় পরিচালনা পর্ষদের সভা অনুষ্ঠান অপরিহার্য;

যেহেতু, বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ ও পুঁজি বাজারের উন্নয়নের লক্ষ্যে বেক্সিমকো গ্রুপের আওতাধীন বাংলাদেশ এক্সপোর্ট ইমপোর্ট কোম্পানি লিঃ, বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিঃ ও শাইনপুকুর সিরামিকস লিঃ-এ সুশাসন প্রতিষ্ঠা এবং সিকিউরিটিজ আইন পরিপালন নিশ্চিতকরণ এবং এ লক্ষ্যে পরিচালনা পর্ষদের সভা অনুষ্ঠান একান্ত আবশ্যক;

অতএব সেহেতু, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ অর্ডিন্যান্স, ১৯৬৯ এর ধারা 20A তে প্রদত্ত ক্ষমতাবলে কমিশন, বেক্সিমকো গ্রুপের আওতাধীন পুঁজিবাজারে তালিকাভুক্ত বাংলাদেশ এক্সপোর্ট ইমপোর্ট কোম্পানি লিঃ, বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিঃ ও শাইনপুকুর সিরামিকস লিঃ এর পর্ষদ সভা, কমিশন কর্তৃক জারীকৃত ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখের আদেশ সূত্র নং-বিএসইসি/আইসিএ/সিজি/২০২৩/৬৬/পার্ট-১/৪৯৬ এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত স্বতন্ত্র পরিচালক ও অন্যান্য পরিচালকগণের সমন্বয়ে, এই আদেশ জারির ১২ (বারো) দিবসের মধ্যে সম্পন্ন করার জন্য উক্ত কোম্পানিসমূহের পরিচালনা পর্ষদের সকল সদস্য, ব্যবস্থাপনা পরিচালক, চীফ ফাইন্যান্সিয়াল অফিসার এবং কোম্পানি সচিবকে এতদ্বারা নির্দেশ প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

খন্দকার রাশেদ মাকসুদ
চেয়ারম্যান

কার্যার্থে বিতরনঃ
১। সকল পরিচালক, বাংলাদেশ এক্সপোর্ট ইমপোর্ট কোম্পানি লিঃ, বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিঃ এবং শাইনপুকুর সিরামিকস লিঃ
২। ব্যবস্থাপনা পরিচালক, চীফ ফাইন্যান্সিয়াল অফিসার এবং কোম্পানি সচিব; বাংলাদেশ এক্সপোর্ট ইমপোর্ট কোম্পানি লিঃ
৩। ব্যবস্থাপনা পরিচালক, চীফ ফাইন্যান্সিয়াল অফিসার এবং কোম্পানি সচিব; বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিঃ
৪। ব্যবস্থাপনা পরিচালক, চীফ ফাইন্যান্সিয়াল অফিসার এবং কোম্পানি সচিব; শাইনপুকুর সিরামিকস লিঃ

অনুলিপিঃ
১। সকল কমিশনার, বিএসইসি
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএসইসি
৩। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি
৪। ব্যবস্থাপনা পরিচালক, চিটাগং স্টক এক্সচেঞ্জ পিএলসি
৫। সংশ্লিষ্ট নথি